Amit Kundu
16/11/18

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 3rd Term Examination (Question cum Model Answer)

Sub: BENGALI TEXT Class: 5A, 5C F. M. 90

Duration: 2 HOURS 30 MINUTES Date: 02.11.2018

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নাও ঃ- (১x৫=৫)

১. কানে একটানা চলছে কুইনিনের ভোঁ-ভোঁ! - কুইনিন ওযুধটি হল —
(গ) ম্যালেরিয়ার

২. সত্য না মিথ্যা তা লেখো ঃ-
গলু গয়লার কাছে চানাবাবদ পাঁচ টাকা দেনার কথাও ভুললে চলবে না। - সত্য

৩. সঠিক উত্তরটির মাথায় (✓) চিহ্ন দাও ঃ-
'আপন কাজে কঠোর হতে পাযাণ দিল দীক্ষা।'

৪. 'সবার আমি ছাত্র' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? — ছোটদের চয়নিকা।

৫. 'মামাদাদুর ঘোড়াবাজি' গল্পটি লিখেছেন —
(গ) লীলা মজুমদার

২। প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ- (১x২০=২০)

১. মামাদাদু কার বাড়িতে বসে তাস খেলছিলেন? — উদোপাল।

২. 'রাজপুত্তুরের অসুখ' গল্পের লেখকের নাম কি? — সুনীল গঙ্গোপাধ্যায়।

৩. দাশুর ইচ্ছে কি ছিল? — সেও অভিনয় করবে।

৪. 'শিশুর পণ' কথাটির অর্থ কি? — শিশুর প্রতিজ্ঞা।

৫. কার কাছ থেকে কবি সহিষ্ণুতার শিক্ষা পেয়েছেন? — মাটির কাছ থেকে।

৬. 'বড়ো হওয়ার দায়' গল্পের লেখক তখন কোন্ ক্লাশে পড়তেন? — ক্লাশ সেভেন।

৭. 'মমি' কি? — মিশরের ফ্যারাও বা রাজাদের মৃতদেহকে সংরক্ষণ করা হোত যে বৈজ্ঞানিক পদ্ধতিতে।

৮. 'ভেরি' কাকে বলে? — যুদ্ধের সময়ে বাজানো বাদ্যযন্ত্র।

৯. ঝরণা কবির প্রাণে কি জাগাল? —প্রাণ জাগাল।

১০. 'রাজপুত্তুরের অসুখ' গল্পে রাজপুত্তুরের বয়স কত? — চোদ্দ বছর।

১১. ফুলের মতো জীবন কারা গড়তে চায়? — শিশুরা

১২. 'দিনেকের স্বাধীনতা' কাকে বলে? — একদিনের স্বাধীনতা।

১৩. কর্মী হবার মন্ত্র কবি কার কাছ থেকে পান? — বায়ুর কাছে।

১৪. কারা মিশর লন্ডভন্ড করে দিয়েছিল? — ইরাণের রাজারা।

১৫. 'এ এক আশ্চর্য ছেলে।' এই কথার অর্থ কি? — শরীর থেকে কাঁচ বের করার সময়ও লেখক কাঁদেননি বা চিৎকার করেননি। এখানে তাঁর সহ্যশক্তি দেখে ডাক্তার একথা বলেছিলেন।

১৬. 'ওকে তো পশুদের হাসপাতালে দেওয়া উচিৎ।' বক্তা কেন একথা বলেছেন? — অসুস্থ ঘোড়াকে দেখে মামা দাদু একথা বলেছিলেন, কারণ লোকগুলো তা না করে ঘোড়াটিকে মাংসের দোকানে বিক্রি করে দিতে যাচ্ছিল।

১৭. দাশু কাকে ছুটির দিনে কি কিনে দেবে বলেছিল? — দাশু গণশাকে ছুটির দিনে ফুটবল কিনে দেবে বলেছিল।

১৮. কেবল দুজন ডাক্তার রাজপুত্তুরের অসুখ সম্পর্কে কি বলেছিলেন? — মলয়ের কোনো অসুখ নেই। সবসময় ভাল খাবার খেয়ে ওর অরুচি হয়েছে। একজন ডাক্তার বলল মলয়কে না খাইয়ে রাখতে। আর একজন ডাক্তার বলল, না খেতে চাইলে দুটো করে থাপ্পড় মারতে। দশবারোটা থাপ্পড় খেলেই মলয়ের সব রোগ সেরে যাবে।

১৯. রাজপুত্তুরের বাড়িতে যে জ্যোতিষী এসেছিল তার নাম কি? — মাধব পণ্ডিত।

২০. তিন ভাই সেদিন কিজন্য বেঁচে গিয়েছিল? — উবু হয়ে বসে থাকার জন্য।

## বিভাগ - খ

৩। **প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ-** **(২x৫=১০)**

১. কবিকে কে আপন তেজে জ্বলতে আর মধুর কথা বলতে শেখালো? — কবি বলেছেন, সূর্য আপন তেজে জ্বলতে আর চাঁদ মধুর কথা বলতে শেখালো।

২. লালু কে? সে কি করেছিল? — লালু হল লেখকের ছোট ভাই। সে শিশি থেকে একটু বারুদ বার করে শিশিটার কাছে ঢেলে ফস্ করে দেশলাই জ্বালিয়ে দেখতে গেছে জ্বলে কিনা।

৩. লেখকের বাবা কোন্ জেলার মহকুমা শহরে কাজ করতেন? তিনি রাস্তা থেকে কি করলেন? — লেখকের বাবা টাঙ্গাইলে ময়মনসিং জেলার একটা মহকুমা শহরে কাজ করতেন। তিনি রাস্তা থেকে 'আমার সর্বনাশ হল রে' বলে চিৎকার করতে করতে বাড়িতে ঢুকলেন।

৪. মামাদাদুর বটুয়াতে মোট কত মূলধন ছিল? তারমধ্যে মামাদাদুর নিজের মূলধন কত? — মামাদাদুর বটুয়াতে উদোপালের দেওয়া চারটে ময়লা দশ টাকার আর দুটো ময়লা পাঁচ টাকা, মোট পঞ্চাশ টাকা ছিল। এরমধ্যে মামাদাদুর নিজের ছিল একটা ঘষা পঁচিশ পয়সা।

৫. পিরামিড কোন্ দেশে দেখা যায়? পিরামিড নির্মানের কয়টি কারণ আছে? — মিশরে। দুটি কারণ আছে।

৪। প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) ঃ- (৩x৫=১৫)

১. 'সেখানে তাঁরা অক্ষত দেহে মহাপ্রলয়ের দিন গুনছেন' — 'তারা' বলতে কাদের বোঝানো হয়েছে? কথাটির অর্থ বুঝিয়ে দাও। — মিশরীয় ফ্যারাও বা সম্রাটদের। কারণ রাজারা বিশ্বাস করতেন কোন একদিন মহাপ্রলয় হবে এবং তারা নতুন দেহ নতুন যৌবন ফিরে পেয়ে অমৃতলোকে অনন্ত জীবন আরম্ভ করবেন।

২. 'বাজিই বানানো যাক।' কথাটা কে বলেছে? সে কিভাবে বাজি বানাচ্ছিল? — কথাটা লেখক বলেছে। ন্যাকড়ার ফালি, পাথরের কুচি, কাঁচের শিশি ও বারুদ সহযোগে।

৩. 'শ্যাম-বনানী' কি? শ্যাম-বনানী কবিকে কিভাবে শিক্ষা দিয়েছে? — সবুজ প্রকৃতি। সরসতার ভিক্ষা দিয়েছে।

৪. 'কল্প' কি? 'দিনেকের স্বাধীনতা' স্বর্গসুখ কেন? — 'কল্প' হল ব্রহ্মার একদিন। একদিনের জন্যও অন্যের অধীনে থাকতে কেউ চায় না। সুতরাং একদিনের জন্য স্বাধীনতা পেলে তাকে লোকেরা স্বর্গসুখের সমান বলে মনে করে।

৫. রাজপুত্তুরের বাড়ি কোথায়? তার চেহারার বর্ণনা দাও। — নিউ আলিপুরে। বয়স চোদ্দ, রোগা শুকনো চেহারা।

৬. 'এই তো আধাআধি বখরা হল, কেমন কিনা?' - বক্তা কে? কিভাবে আধাআধি বখরা হয়েছিল লেখো। — বক্তা হল তিনজন লোক যারা গরুমোষের সঙ্গে অসুস্থ ঘোড়াটিকেও নিয়ে যাচ্ছিল। পঞ্চাশ টাকার মধ্যে তারা দুটো দশ টাকার নোট আর একটা পাঁচ টাকার নোট তুলে নিল বটুয়া থেকে।

৭. 'পাগলা দাশু' গল্পের লেখকের নাম কি? দাশু কিভাবে গণশাকে হাত করেছিল? — সুকুমার রায়। দাশু গণশাকে রোজ নানারকম খাবার এনে খাওয়ায়, রঙিন পেনসিল আর ছবির বই এনে দিত, আর বলেছিল যে, ছুটির দিন তাকে একটা ফুটবল কিনে দেবে।

## বিভাগ - গ

৫। **প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও (যে কোনো আটটি) ঃ-** (৫x৮=৪০)

১. মামাদাদুর ঘোড়া কেনার ইতিহাস নিজের ভাষায় লেখো। — 'মামাদাদুর ঘোড়াবাজি' গল্পে পৃষ্ঠা সংখ্যা (৫০-৫১) দ্রষ্টব্য।

২. রাজপুত্তুরকে সুস্থ করার জন্য তার বাবা কি কি ব্যবস্থা করলেন? — 'রাজপুত্তুরের অসুখ' গল্পে পৃষ্ঠা সংখ্যা (৬৪-৬৯) দ্রষ্টব্য।

৩. 'শিশুর পণ' কবিতাটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো। — 'শিশুর পণ' কবিতাটির ভাববিষয়টি সংক্ষেপে লিখতে হবে।

৪. গতবারের অভিনয়টা দাশু কিভাবে মাটি করে দিয়েছিল? — 'পাগলা দাশু' গল্পে পৃষ্ঠা সংখ্যা (৩০-৩১) দ্রষ্টব্য।

৫. 'সবার আমি ছাত্র' কবিতাটি মুখস্থ লেখো। — 'সবার আমি ছাত্র' কবিতাটি যতি চিহ্নসহ নির্ভুলভাবে লিখতে হবে।

৬. 'তিনজন বিছানা নিলাম।' তিনজনের বিছানা নেওয়ার কারণটি বর্ণনা করো। — 'বড়ো হবার দায়' গল্পের পৃষ্ঠা সংখ্যা (৩৯-৪০) দ্রষ্টব্য।

৭. 'সার্থক জীবন আর বাহুবল তার হে, বাহুবল তার' কবির এরূপ বক্তব্যের কি কারণ তা ব্যাখ্যা করে লেখো। — 'স্বাধীনতা' কবিতার বিষয়বস্তু নিরিখে আলোচনা করতে হবে।

৮. পিরামিড নির্মানের দ্বিতীয় কারণটি ব্যাখ্যা করো। — 'পিরামিডের দেশে' রচনায় পৃষ্ঠা সংখ্যা (৩৬) দ্রষ্টব্য।

৯. 'এ তো আশ্চর্য ছেলে, একটু শব্দ করল না।' কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে লেখক এই কথাটা বলেছেন তার উল্লেখ করো। — 'বড়ো হবার দায়' গল্পের পৃষ্ঠা সংখ্যা (৩৯-৪০) দ্রষ্টব্য।

১০. 'বিশ্বজোড়া পাঠশালা'য় কবি কার কার কাছে কি কি শিখেছিলেন তা সংক্ষেপে লেখো। — 'সবার আমি ছাত্র' কবিতার বিষয়বস্তু অবলম্বনে আলোচনা করতে হবে।

***************